

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬০২

১২. কিতাবুস সিয়াম (كتاب الصوم)

পরিচ্ছেদঃ যে কারণে তিনি এই সিয়াম রাখতে নিষেধ করেছেন, তার বিবরণ

ذَكَرُ الْعِلَّةَ الَّتِي مِنْ أَجْلِهَا نَهَى عَنْهُ

আরবী

3602 - أَخْبَرَنَا أَبُو يَعْلَى حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ حَدَّثَنَا عَبْدُ بَنُ سُلَيْمَانَ عَنْ سَعِيدٍ عَنْ قَتَادَةَ عَنْ سَعِيدِ بْنِ الْمُسَيْبِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: دَخَلَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى جُوَيْرِيَةَ بِنْتِ الْحَارِثِ يَوْمَ جُمُعَةٍ وَهِيَ صَائِمَةٌ فَقَالَ: (أَصُمْتُ أَمْسِ)؟ قَالَتْ: لَا قَالَ: (أَفْتُرِيدِينَ أَنْ تَصُومِي غَدًا)؟ قَالَتْ: لَا قَالَ: (فَأَفْطِرِي) الراوي : عَبْدُ اللَّهِ بْنُ عَمْرٍو | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان الصفحة أو الرقم: 3602 | خلاصة حكم المحدث: صحيح - ((التعليق على ((صحيح ابن خزيمة)))) (2164) ، ((تمام المنة)) : خ - جويرية.

বাংলা

৩৬০২. আব্দুল্লাহ বিন আমর রাধিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আল্লাহর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একবার জুমুআর দিন জুওয়ারিয়া বিনতুল হারিস রাধিয়াল্লাহু আনহা'র কাছে গমন করেন, এসময় সিয়াম রেখেছিলেন। তখন তিনি বলেন, “তুমি কি গতকাল সিয়াম রেখেছিলে?” তিনি জবাবে বলেন, “জ্বী, না।” তারপর তিনি আবার জিজ্ঞেস করেন, “তুমি কি আগামীকাল সিয়াম রাখবে?” তিনি জবাবে বলেন, “জ্বী, না।” তখন তিনি বলেন, “তবে সিয়াম ভেঙ্গে ফেলো।”[1]

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবি শায়বাহ: ৩/৪৩; তাহাবী: ২/৭৮; সহীহ ইবনু খুযাইমাহ: ২১৬২; মুসনাদ আহমাদ: ৬/৩২৪; সহীহুল বুখারী: ১৯৮৬; সুনান বাইহাকী: ৪/৩০২; বাগাবী: ১৮০৫; আবু দাউদ: ২৪২২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ ইবনু খুযাইমাহ: ২১৬৪)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=92938>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন